

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা- ১০০০।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০৩২.৪৫৬.১৭- ৪৪

তারিখঃ ১৬/০১/২০২০ খ্রি.

বিষয়: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগ, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর আওতায় উত্তম মৎস্যচাষ অনুশীলন (Good Aquaculture Practice) সম্পর্কিত তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগের আওতায় পরিবেশগত বিষয়সমূহ বিবেচনায় রেখে প্রতিটি সিআইজি মৎস্যচাষ কার্যক্রম বাস্তবায়নে উত্তম মৎস্যচাষ অনুশীলন (Good Aquaculture Practice: GAP) অনুসরণ করছে। উত্তম মৎস্যচাষ অনুশীলনের নির্দেশকসমূহ (Parameters) সঠিকভাবে অনুসরণের মাধ্যমে মাছের গুণগতমান এবং খাদ্য-নিরাপত্তা বিষয়টি নিশ্চিত করা যায়। অতএব, মাছ চাষের শুরু থেকে শেষ পর্যন্ত উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে নির্দেশাবলী “উত্তম মৎস্যচাষ অনুশীলন” সম্পর্কিত তথ্য সংগ্রহ ছকপত্রে উল্লেখ করা হয়েছে (সংযুক্তি-১ দ্রষ্টব্য)। নির্দেশাবলী অনুসারে সিআইজিতে অনুশীলন কার্যক্রমের প্রতিবেদন সংযুক্তি ছকপত্র মোতাবেক আগামী ৩১/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩৬/০১/২০২০

(এস.এম. মনিরুজ্জামান)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ফোনঃ ০২-৪৭১২০১৮৩

ই-মেইল: monidof@gmail.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

.....।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০৩২.৪৫৬.১৭- ৪৪

তারিখঃ ১৬/০১/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
- ২। উপপরিচালক মৎস্য অধিদপ্তর,..... বিভাগ.....।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা.....।
- ৪। সহকারী আইসিটি স্পেশালিস্ট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস নথি।

সহকারী পরিচালক  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

৩৬/০১/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা- ১০০০

উত্তম মৎস্যচাষ অনুশীলন (Good Aquaculture Practice) সম্পর্কিত তথ্য সংগ্রহ ছকপত্র

জেলা:	উপজেলা:	ইউনিয়ন:
সিআইজির'র নাম:	সিআইজির'র গ্রেড:	
সিআইজির'র মোট সদস্য:..... জন (পুরুষ:..... জন; নারী:..... জন)		
অনুশীলনে অংশগ্রহণকারী মোট সদস্য:..... জন (পুরুষ:..... জন; নারী:..... জন)		
অনুশীলন পরিচালনাকারীর নাম:..... পদবী:..... তারিখ:.....		

ক্রম নং	উত্তম মৎস্যচাষ অনুশীলনের (Good Aquaculture Practice) নির্দেশকসমূহ (Parameters)	উত্তর
১	২	৩
১.	কতজন বাইরে থেকে পুকুরে দূষিত পানির প্রবেশ (inflow) বন্ধ করেছেন	
২.	কতজন শূষ্ক মৌসুমে পুকুরের তলদেশের অতিরিক্ত পচা কাদা অপসারণ করেছেন	
৩.	কতজন পোনা মজুদের পূর্বে পুকুরের জলজ আগছা সম্পূর্ণভাবে পরিষ্কার করেছেন	
৪.	কতজন পোনা মজুদের পূর্বে পুকুরের পানির গুণাগুণ পরীক্ষা করেছেন	
৫.	কতজন নির্ভরযোগ্য উৎস থেকে সুস্থ্য-সবল পোনা পুকুরে মজুদ করেছেন	
৬.	কতজন মৃত মাছ পুকুর থেকে অপসারণ করেছেন (যদি থাকে)	
৭.	কতজন মাছের স্বাস্থ্য পরিচর্যায় অননুমোদিত কোন রাসায়নিক ব্যবহার করেন নাই	
৮.	কতজন পোনা মজুদের পর পুকুরের পানির গুণাগুণ পরীক্ষা করেছেন	
৯.	কতজন পানির অক্সিজেন সরবরাহ অনুকূলে রাখতে অ্যারেটর ব্যবহার করেছেন	
১০.	কতজন পানির গুণাগতমান ভালো রাখার জন্য পোনা মজুদের পর পুকুরে চুন প্রয়োগ করেছেন	
১১.	কতজন শুকনো জাল (dry net) দিয়ে মাছ ধরেছেন/আহরণ করেছেন	
১২.	কতজন পোনা উৎপাদনকারী জৈব-নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছেন (যদি থাকে)	
১৩.	আহরিত মাছের মোট পরিমাণ (কেজি)	
১৪.	কি পরিমাণ মাছ পরিষ্কার পানি দিয়ে ধৌত করেছেন (কেজি)	
১৫.	কি পরিমাণ মাছ পরিষ্কার পাত্রে রেখেছেন (কেজি)	
১৬.	কি পরিমাণ জীবন্ত মাছ বিক্রি করেছেন (কেজি)	
১৭.	কি পরিমাণ মাছ বরফ দিয়ে বাজারে (বেশি দূরত্বে) পরিবহন করেছেন (কেজি)	

অনুশীলন নির্দেশাবলী:

- প্রতিটি উপজেলায় একটি করে 'এ' গ্রেড, 'বি' গ্রেড এবং 'সি' গ্রেড সিআইজিতে উত্তম মৎস্যচাষ অনুশীলন নির্দেশকসমূহ (Parameters) নির্ণয় করতে হবে। যদি কোন উপজেলায় 'এ' এবং 'সি' গ্রেড সিআইজি না থাকে সেক্ষেত্রে, তিনটি 'বি' গ্রেড সিআইজিতে অনুশীলন করতে হবে। তবে তিনটি আলাদা ইউনিয়ন থেকে তিনটি সিআইজি নির্বাচন করতে হবে।
- পরিচালনাকারী সিআইজির সকল সদস্যদের নিয়ে এই অনুশীলনটি পরিচালনা করবেন।
- অনুশীলনে সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- পরিচালনাকারী প্রতিটি নির্দেশকের সমর্থনে অংশগ্রহণকারী সদস্যদের হাত তুলে তাদের সম্মতি জানাতে বলবেন।
- প্রতিটি নির্দেশকের সমর্থনে যে কয়জন অংশগ্রহণকারী সদস্য হাত তুলবেন তার মোট সংখ্যা গণনা করে ছকপত্রের ৩নং কলামে উত্তর (নির্দেশক মোতাবেক সংখ্যা/পরিমাণ ইত্যাদি) লিখতে হবে।
- অনুশীলনকৃত সিআইজির পূরণকৃত ছকপত্র (সংযুক্তি-১) উপজেলা কর্তৃপক্ষ প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২, মৎস্য ভবন, ঢাকায় পাঠাবেন এবং ১কপি করে অফিসে সংরক্ষণ করবেন।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সিল